গাংনীতে পেঁয়াজের বাজার আবারও অস্থির

মেহেরপুরের গাংনী বাজারে কতিপয় আড়তদারদের কারসাজিতে পেঁয়াজের বাজার আবারও অস্থির হয়ে উঠেছে। সাথে অন্যান্য সকল সবজির দাম সাধারণ ক্রেতাদের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে বলে জানা গেছে।

গতকাল শনিবার সরেজমিনে সবজি বাজার ঘুরে দেখা যায়, পেঁয়াজের দাম গত মঙ্গলবার থেকে শুক্রবার পর্যন্ত ছিল ১শ’৬০ থেকে ১শ’৮০ টাকা একদিনের ব্যবধানে সেই পেঁয়াজের দাম বেড়ে দাড়িয়েছে ২শ’২০ টাকা।

পেঁয়াজের মূল্যবৃদ্ধি সম্পর্কে এক ব্যবসায়ী বলেন পাইকারি আড়তদাররা আমাদের এই দামে বিক্রয় করতে বলেছে তবে পেঁয়াজ ক্রয়ের রশীদ চাইতে গেলে তারা রশীদ না দিয়ে তাদের নির্ধারিত দামে বিক্রয় করতে বাধ্য করেছে। ঐ ব্যবসায়ী সাংবাদিকদের বলেন, রশীদ চাইতে গেলে পাইকারি ব্যবসায়ী সাজেদুল ইসলাম সাফ জানিয়ে দিয়েছে রশীদ ছাড়া পেঁয়াজ নিলে নাও না হলে নিওনা।

পরে বাধ্য হয়েই রশীদ ছাড়াই পেঁয়াজ নিতে বাধ্য হয়েছে সেই ব্যবসায়ী। এছাড়াও কাঁচা ঝালের দাম গত সপ্তাহের চাইতে কেজি প্রতি ১০ টাকা করে বেড়ে দাড়িয়েছে কেজি প্রতি ৪০ টাকা।

এদিকে শীতের নতুন সবজিরও দাম পাল্লা দিয়ে বেড়ে চলেছে। খোঁজ নিয়ে দেখা যায়, আলু যেটা পুরাতন তার গত সপ্তাহের চাইতে প্রতি কেজি ৫টাকা হারে দাম বেড়ে গেছে। গত সপ্তাহে আলুর দাম ছিল কেজি প্রতি ২৫ টাকা এ সপ্তাহে বেড়ে দাড়িয়েছে ৩০টাকা কেজি। এদিকে নতুন আলুর দাম প্রতি কেজি বিক্রয় হচ্ছে ১শ’ টাকা করে।

বেগুনের দামও কেজি প্রতি ১০টাকা করে বেড়েছে। গত সপ্তাহে বেগুনের কেজি ছিল ৩০ টাকা কেজি। শীতের অন্যতম সবজি ফুল কপি গতসপ্তাহে কেজি প্রতি দাম ছিল ৩০ টাকা যা এক সপ্তাহের ব্যাবধানে এর দাম বেড়ে দাড়িয়েছে কেজি প্রতি ৬০ থেকে ৮০ টাকা।

এছাড়াও শীত কালীন প্রতিটি সবজির দাম বেড়েই চলেছে। এদিকে প্রায় প্রতিদিনই সবজির দাম বেড়ে যাওয়াতে মধ্যবিত্ত আয়ের লোকজন পড়েছে বিপাকে। সবজির হাটে ঢুকেই ক্রেতারা দাম শুনে নাভিশ্বাস অবস্থা দাড়িয়েছে।

ক্রেতারা তাদের নির্ধারিত বাজেটে কোন কিছুই ক্রয় করতে পারছেন না। একজন ক্রেতা জানান, শীতের মৌসুমে শীতের সবজির দাম যদি লাগাম ছাড়া হয় তাহলে মানুষ চলবে কিভাবে।
সবজি বিক্রেতা মন্টু জানান, শীতের শুরুতে সবজি ওঠা শুরু করেছে। বাজারে পর্যাপ্ত পরিমাণে আমাদানি হলেই সকল সবজির দাম নাগালের মধ্যে চলে আসবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, সকল সবজির বিষয়ে আমরা তদারকি করব। বিশেষ করে পেঁয়াজের মূল্যর বিষয়টি যদি কারও কারসাজি থাকে সেটা খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।
বাজার মূল্যের এ লাগামছাড়া দামের বিষয়ে গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, গতকাল যুবলীগের কাউন্সিলের কারণে ঢাকায় এসেছি। হাতেগোনা চারজন পাইকারি ব্যবসায়ী অসৎ উপায়ে পেঁয়াজের দাম বাড়িয়েছে।

তিনি বলেন অসাধু ব্যবসায়ীরা মাল মজুদ করে প্রয়োজনের তুলনায় সামান্য পেঁয়াজ বাজার জাত করে কৌশলে দাম বাড়িয়েছে।

এম এ খালেক বলেন ঢাকা থেকে ফিরে আবারও বাজার মনিটরিং এ নেমে পেঁয়াজ ও অন্যান্য সবজি সহনীয় পর্যায়ে আনার চেষ্টা করব।

- এ সিদ্দিকী শাহীন, গাংনী

গাংনীতে এসিআই মটরস এর উদ্যোগে সার্ভিসিং ক্যাম্পেইন

গাংনীতে এসিআই মটরস এর উদ্যোগে সার্ভিসিং ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার গাংনী উপজেলার মালশাদহ গ্রামে সকাল ১০ থেকে বিকাল ৩টা পর্যন্ত এ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। ক্যাম্পেইন এ প্রায় শতাধিক ইয়াহামা মটরসাইকেলকে ফ্রী সার্ভিসিং করা হয়।

পরে গ্রাহকদের নিয়ে বিভিন্ন খেলাধুলা ও পুরুষ্কার বিতরনীর

অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন, এ সি আই মটরস এর সার্ভিস ইঞ্জিনিয়ার মামুন, হোসেন মটরসাইকেল গ্যালারীর ম্যানেজিং ডিরেকক্টর মুছাইদ আলম প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

সভাপতি শামসুজ্জামান সম্পাদক আব্দুল খালেক

বাশ বাড়িয়া বাজার কমিটির ত্রিবার্ষিক নির্বাচনে সভাপতি শামসুজ্জামান সম্পাদক আব্দুল খালেক।
শনিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত ভোট গ্রহণ শেষে এ ফলাফল ঘোষনা করা হয়।
সভাপতি শামসুজ্জামান ৪৪ ভোট পেয়ে নির্বাচিত হয় তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কুতুবউদ্দিন ৩৬ টি ভোট পায়। সম্পাদক আব্দুল খালেক ৪৯টি ভোট পেয়ে নির্বাচিত হয় তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিপ্লব হোসেন ৩০ভোট পায়।
মোট ভোটার সংখ্যা ৮২ টি।
কমিটির অন্য সদস্যরা হলেন, সহ সভাপতি আব্দুল ওয়াদুদ, যুগ্ম সম্পাদক বজলুর রহমান, সাংগঠনিক সম্পাদক সাহারুল, কোষাধ্যক্ষ শামীন আহমেদ, প্রচার সম্পাদক জামারুল, কল্যান সম্পাদক আবু তাহের, নির্বাহী সদস্য আমজাদ, আবু বক্কর সিদ্দিক, আব্দুল মোমিন।

- গাংনী প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

-[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

-[redacted]

মেহেরপুর গাংনী বাজার কমিটির বনভোজন

মেহেরপুর গাংনী বাজার কমিটির প্রথম বনভোজন শুক্রবার চিৎলা পাটবীজ খামারে অনুষ্ঠিত হয়।

বাজারের সহ্রাধিক ব্যবসায়ীর উপস্থিতিতে বনভোজন যেন মিলন মেলায় পরিণত হয়। ব্যবসায়ীক কর্মময় ব্যস্ততা ছেড়ে সবাই মিলেছিলেন সম্প্রতির বন্ধনে।

আলোচনা সভায় বিগত দিনের কর্মকা- আর আগামির পথচলার দিকনির্দেশনা দেন নেতৃবৃন্দ।
অনুষ্ঠানে গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলুর সঞ্চালনায় বক্তব্য রাখেন বাজার কমিটির নেতৃবৃন্দ।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেকসহ বিশিষ্ঠজনেরা বনভোজনে অংশগ্রহণ করেন।

বতৃতায় উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক বলেন, আজকের এই বিরাট আয়োজন গাংনী বাজার কমিটির বড় সাহসের পরিচয়। সারা বছরের ব্যাপক ব্যস্ততার মাঝে তারা আমাদের জন্য একটি আনন্দময় সুন্দর দিনের ব্যবস্থা করেছেন। প্রতি বছরই এমন একটি দিন উপহার দেয়া অব্যহত থাকবে বলে আমি বিশ্বাস করি।

ব্যবসার বিভিন্ন দিক উল্লেখ করে তিনি বলেন, আপনাদের ব্যবসায়ীক সুনাম রয়েছে। এ সুনাম ধরে রাখতে পারলে মানুষের আস্থা ধরে রাখতে পারবেন। পেঁয়াজ ও লবণের মতো গুজবে সাধারণ মানুষ ছিল বিভ্রান্ত। অথচ আমাদের দেশের পর্যাপ্ত মজুদ রয়েছে।

আপনারা যদি সচেতন ও সজাগ থাকেন তাহলে সাধারণ মানুষ বিভ্রান্তির হাত থেকে রক্ষা পাবে।

অনুষ্ঠানে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন বাজার কমিটির উপদেষ্টা বিশিষ্ঠ ব্যবসায়ী হাজী আলফাজ উদ্দীন ও বাজার কমিটির সাবেক সভাপতি হাফিজুর রহমান মানিক। বক্তব্য রাখেন ডিস মালিক

সমিতি সভাপতি আনারুল ইসলাম বাবু, বিশিষ্ঠ ব্যবসায়ী জিয়াউর রহমান, বাজার কমিটির সহ সভাপতি আক্তারুজ্জামান কাজল, যুগ্ম সাধারণ সম্পাদক কামাল হোসেন, দপ্তর সম্পাদক রাজু, প্রচার সম্পাদক খাদেমুল ইসলাম কাজিম, সদস্য সেকেন্দার আলী, জামিল হোসেন, উজ্জল হোসেন, সেলিম রেজা, মামুনুর রশিদ, আজিজুল বারি সাগর, বিল্লাল হোসেন, ইনামুল হক।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে ভ্রাম্যমাণ আদালতে দুই ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরের গাংনী বাজারের দুই দোকান মালিককে ভ্রাম্যমাণ আদালতে ৭ হাজার টাকা জরিমানা করেছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে গাংনী শহরের আমীন মিষ্টান্ন ভান্ডার ও মেসার্স রহমান ট্রেডার্স এ অভিযান পরিচালনা করেন ভ্রাম্যমাণ আদালত।

নোংরা পরিবেশে মিষ্টি দ্রব্য প্রস্তুত ও বিক্রয়ের দায়ে আমীন মিষ্টান্ন ভান্ডারের মালিক রাশিদুল ইসলামকে ভোক্তা অধিকার আইনে নির্বাহী ম্যাজিষ্ট্রেট সুজন দাস গুপ্ত ৫ হাজার টাকা ও পাটের বস্তার পরিবর্তে প্লাস্টিক বস্তায় মালামাল বিক্রয় করার দায়ে নির্বাহী ম্যাজিষ্ট্রেট মিথিলা দাস রহমান ট্রেডার্স এর মালিককে ২ হাজার টাকা জরিমানা আদায় করেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর-২ গাংনীর এমপি সাহিদুজ্জামানের বাসার সামনে ২টি বোমা উদ্ধার

মেহেরপুর২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকনের বাসভবনের সামনে থেকে লাল টেপ দিয়ে মোড়ানো ২টি শক্তিশালি বোমা উদ্ধার করা হয়েছে।

খবর পেয়ে ঘটনাস্থলে গাংনী থানার ভার প্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান ফোর্স নিয়ে বোমাগগুলো নিষ্ক্রিয় করার চেষ্টা করেন।

ওসি ওবাইদুর রহমান বলেন বিষয়টি তদন্ত করে জড়িতেদর আইনের আওতায় আনা হবে।

- গাংনী প্রতিনিধি

গাংনীর বামন্দিতে তৃতীয় এজেন্ট ব্যাংকিং কেন্দ্র উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দিতে তৃতীয় এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন করা হয়েছে।
গতকাল বুধবার সকালের দিকে আনুষ্ঠানিক ভাবে তৃতীয় এজেন্ট ব্যাংকিং উদ্বোধন করেন

ইসলামী ব্যাংক যশোর জোনের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এন্ড হেড অফ জোন মিজানুর রহমান ফিতা কেটে এজেন্ট ব্যাংকিং কেন্দ্রের উদ্বোধন ঘোষণা করেন।

ইসলামী ব্যাংক মেহেরপুর শাখার এফএভিপি শাখা প্রধান জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পানি উন্নয়ন বোর্ডের সাবেক পরিচালক এম এ গনি, বামুন্দি ইউনিয়নের সাবেক

চেয়ারম্যান আব্দুল আওয়াল। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন এজেন্ট সাজ্জাদ হোসেন পলাশ।

- নিজেস্ব প্রতিনিধি

গাংনীতে লবণ সংকটের গুজবে লবণ উধাও, বেশি দামে বিক্রয়ের দায়ে ব্যবসায়ীর জরিমানা

সারাদেশের মতো মেহেরপুরের গাংনীতেও লবণ সংকটের গুজব তুলে খুচরা দোকান থেকে লবণ উধাও হওয়ার খবর ছড়িয়ে পড়ে।

মঙ্গলবার বিকেল থেকে এ খবর ছড়িয়ে পড়লে গাংনী বাজার সহ উপজেলার প্রত্যন্ত গ্রামের দোকান গুলোতেও লবণের দাম বাড়িয়ে অসাধু ব্যবসায়ীরা সাধারণ ভোক্তাদের কাছ থেকে অতিরিক্ত অর্থ হাতিয়ে নেয়।

খবর পেয়ে গাংনী উপজেলার প্রশাসন ও পুলিশের কর্মকর্তারা লবণ সংকটের গুজর ঠেকাতে বাজার মনিটরিং করা শুরু করে। এসময় তারা বেশি দামে লবণ বিক্রয় না করতে কঠোরভাবে সতর্ক করেন।

এদিকে লবণ সংকটের গুজবকে কাজে লাগিয়ে উপজেলার মানিকদিয়া গ্রামের এক অসাধু ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালতে অর্থদন্ড করা হয়।

দন্ডিত ব্যবসায়ী উপজেলার কেশবনগর গ্রামের হাজি দিদার আলির ছেলে মজিবর রহমান। ৩৫ টাকার লবন ৬৫ টাকায় বিক্রয় করায় তাকে ৫ হাজার টাকা জারিমানা করেন ভ্রাম্যমান আদালতের বিচারক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

এছাড়াও গাংনী থেকে লবন পাচারকালে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার আসমানখালি গ্রামের মোঃ মতিয়ার রহমানের ছেলে রাশেদুজ্জামান কে আটক করেছে গাংনী থানা পুলিশ।

এর আগে লবণ সংকটের গুজব ছড়িয়ে পড়ায় বাজার মনিটরিং শুরু করেন প্রশাসনের কর্মকর্তারা। তারা সাধারণ ভোক্তা ও জনগণকে গুজবে কান না দিয়ে স্বাভাবিক দামে লবণ ক্রয় করার পরামর্শ দেন সাথে সাথে যদি কোন ব্যবসায়ী যদি অতিরিক্ত দামে লবণ বিক্রয় করে তাহলে সেই ব্যবসায়ীকে সর্বচ্চো শাস্তি প্রয়োগ করা হবে বলে সতর্ক করেন।

- গাংনী প্রতিনিধি